

💵 মুমিনের দু'আ

বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

ঈমানের মধ্যে সন্দেহে পতিত ব্যক্তির দু'আ

আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করবে এবং বলবে-

أَعُوْذُ بِاللَّه

'আমি আল্লাহর নিকট আশ্রয় চাই' (বুখারী, হা/৩২৭৬)।

যে সন্দেহে নিপতিত হয়েছে তা দূর করবে (বুখারী হা/৩২৭৬)। আর বলবে,

آمَنْتُ بِاللَّهِ وَرُسُلِهِ

'আমি আল্লাহ ও তাঁর রাসূলগণের ওপর ঈমান আনলাম' (মুসলিম, হা/১৩৪)।

আল্লাহ তা'আলার নিমোক্ত বাণী পড়বে,

هُوَالْأُوَّأُوَالْآخِرُوَالظَّاهِرُوَالْباطِنُوَهُوَبِكُلِّشَيْءٍعَلِيمٌ

'তিনিই সর্বপ্রথম, তিনিই সর্বশেষ, তিনিই সকলের উপরে, তিনিই সকলের নিকটে এবং তিনি সব কিছু সম্পর্কে সর্বজ্ঞ' (আবূ দাউদ, হা/৫১১০)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15014

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন